দৈনিক খবর

তারিখ 07 AUG 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

138

# চ্যান্সেলর হিসেবে রাষ্ট্রপতির নাম ছাপা হওয়ায়–

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন প্রকাশিত ক্যালেন্ডারে রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাসের নাম চ্যান্সেলর হিসেবে ছাপা হওয়ায় গতকাল বৃহস্পতিবার গণতান্ত্রিক ছাত্র ঐক্যের একদল কর্মী কয়েকটি ক্যালেন্ডারে অগ্নি-সংযোগ করে। পরে তারা একটি বিক্ষোভ মিছিল বের করে এবং মধুর কেন্টিনের সামনে সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা ওবায়দুর রহমান চুন্নু ও জিয়াউল হক জিয়া।

২ এর পাতায় দেখুন

## চ্যান্সেলর হিসেবে

প্রথম পৃষ্ঠার পর

বেলা পৌনে ১২টার দিকে একদল ছাত্র তার বিরুদ্ধে স্বাধীনতা যুদ্ধের সময় বিতর্কিত ভূমিকার অভিযোগ এনে তাকে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর পদ থেকে সরিয়ে নেয়ার আহবান জানান এবং কয়েকটি ক্যালেন্ডারে অগ্নিসংযোগ করে। তারা অবিলম্বে আবদুর রহমান বিশ্বাসের নাম প্রত্যাহারের দাবী জানান।